শেখ হাসিনার উদ্যোগ

# নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২
# NAOGAON PALLI BIDYUT SAMITY-2

ISO 9001:2015 Certified

জেনারেল ম্যানেজারের কার্যালয়
পত্নীতলা, নওগাঁ।
মোবাইল- 01769402190
E-mail : naogaonpbs2 @gmail.com
Web-http://pbs2.naogaon.gov.bd

স্মারক নং-২৭.১২.৬৪৭৫.৫৭৫.০১.০৩৮.২৪. ৮৮৭

তারিখঃ ১৬ চৈত্র, ১৪৩০ বঙ্গাব্দ। / ৩০ মার্চ, ২০২৪ খ্রি:।

বিষয়ঃ "পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র (RFQ) বিজ্ঞপ্তি" প্রসংগে।

নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর নিজস্ব তহবিলের আওতায় অত্র সমিতির পত্নীতলা-১ (পত্নীতলা) উপকেন্দ্রে সিস্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ, বাপবিবো, সাভার, ঢাকা হতে ০১টি ৩ ফেজ ১০/১২.৫এমভিএ পাওয়ার ট্রান্সফরমার লোডিং, ট্রেইলর এর মাধ্যমে সড়ক পথে পরিবহন করে নওগাঁ পবিস-২ এর পত্নীতলা-১ (পত্নীতলা) উপকেন্দ্রের প্যাডে পাওয়ার ট্রান্সফরমার আনলোডিং পূর্বক স্থাপন করার লক্ষ্যে নিম্নের ছকে বর্ণিত বিবরন অনুযায়ী পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য প্রকৃত পরিবহন ঠিকাদার/সেবাদানকারী প্রতিষ্ঠানের নিকট হতে নিজস্ব লেটার হেড প্যাডে সীল মোহরকৃত খামে রিকুয়েষ্ট ফর কোটেশন দরপত্র (RFQ) আহ্বান করা হলো।

| ক্রঃ নং | আইটেম নং | বিবরণ | পরিমাণ | ওজন (টন) | মাইলেজ (কিঃমিঃ) | একক মূল্য (টাকা) | মোট মূল্য (টাকা) |
|---|---|---|---|---|---|---|---|
| ০১ | ০২ | ০৩ | ০৪ | ০৫ | ০৬ | ০৭ | ০৮ |
| ০১ | জিএস-৪৭ (১০/১২.৫এমভিএ, OLTC, পাওয়ার ট্রান্সফরমার) | সিস্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ, বাপবিবো, সাভার, ঢাকাতে ০১টি ৩ ফেজ ১০/১২.৫এমভিএ পাওয়ার ট্রান্সফরমার লোডিং, ট্রেইলর এর মাধ্যমে পরিবহন এবং নওগাঁ পবিস-২ এর পত্নীতলা-১ (পত্নীতলা) উপকেন্দ্রে পাওয়ার ট্রান্সফরমার আনলোডিং কাজ। | ০১টি | ২৬.৫ (২০-৩৪) | ২৮০ (০-৩০০) | | |
| (কথায়ঃ ) | | | | | | সর্বমোট= | |

শর্তাবলী:

০১। দরপত্র দাখিল ও খোলার তারিখ, সময় ও স্থানঃ দরপত্র আগামী ০৯/০৪/২০২৪ খ্রিঃ তারিখ রোজঃ মঙ্গলবার ১১:৩০ ঘটিকার মধ্যে (১) পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, সদর দপ্তর, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯ অথবা (২) নওগাঁ পল্লী বিদ্যুৎ সমিতি-২ এর সদর দপ্তর, পত্নীতলা, নওগাঁয় রক্ষিত টেন্ডার বাক্সে ফেলতে হবে এবং ঐ দিনেই ১১:৩৫ ঘটিকায় দরদাতাদের উপস্থিতিতে (যদি কেহ উপস্থিত থাকেন) খোলা হবে।

০২। খামের উপরে 'পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের দরপত্র' কথাটি উল্লেখ করতে হবে।

০৩। দরপত্রের সাথে দরদাতা প্রতিষ্ঠানের হালনাগাদ ট্রেড লাইসেন্স, আয়কর সনদ, ভ্যাট রেজিষ্টেশন সনদপত্র ও ব্যাংক সলভেন্সী, পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের অভিজ্ঞতা সনদের সত্যায়িত ফটোকপি (যদি থাকে) দাখিল করতে হবে।

০৪। নিজস্ব লেটার হেড প্যাডে দর উল্লেখ করতঃ প্রতিষ্ঠানের মালিক অথবা ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধিকে স্বাক্ষর করতে হবে। দরপত্রে কোনরুপ কাটাকাটি/ঘষামাজা গ্রহণযোগ্য হবেনা।

০৫। কার্যাদেশের সময়সীমার মধ্যে সিস্টেম অপারেশন কেন্দ্রীয় ওয়ার্কশপ, বাপবিবো,সাভার,ঢাকা হতে নওগাঁ পবিস-২ এর পত্নীতলা-১ (পত্নীতলা) উপকেন্দ্রে পাওয়ার ট্রান্সফরমার পরিবহন কাজ সহ বর্ণিত কাজ সমূহ সম্পন্ন করতে হবে।

০৬। **বর্ণিত পাওয়ার ট্রান্সফরমার পরিবহনকালে কোন দুর্ঘটনা বা ক্ষতি হলে পরিবহন ঠিকাদার একক ভাবে দায়ী থাকবেন, যাবতীয় ক্ষয়ক্ষতি দায়ভার বহন করতে হবে এবং পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে সমিতির সহিত যোগাযোগ করে তারিখ নির্ধারন করতে হবে।**

০৭। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে অত্র সমিতির সহিত পাওয়ার ট্রান্সফরমার পরিবহন সংক্রান্ত বিষয়ে ৩০০.০০ (তিনশত) টাকার নন জুডিশিয়াল স্ট্যাম্পে চুক্তিনামা সম্পাদন করতে হবে এবং বাপবিবো/সমিতির নিয়মানুযায়ী অন্যান্য শর্তাবলী প্রতিপালন করতে হবে।

০৮। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য ট্রেইলর এবং লোডিং-আনলোডিং এর জন্য ক্রেন বা যে কোন যন্ত্রাদি কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকেই সংগ্রহ করতে হবে এবং এর জন্য কোন বিল দাবী করা যাবে না।

অপর পৃষ্ঠায় দ্রষ্টব্য

০৯। দরপত্রে একক দর ও মূল দর স্পষ্ট করে লিখতে হবে। এক্ষেত্রে একক দরকে গ্রহণ করা হবে। কথায় ও অংকে লিখার ক্ষেত্রে কথায় লিখা দর গ্রহণ করা হবে।

১০। **পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পূর্বে কার্যাদেশ জারীর তারিখ হতে ০৩ (তিন) টি কার্য দিবসের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের জন্য ইন্সুরেন্স করতে হবে। সাধারণ বীমা কর্পোরেশন / গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক অনুমোদিত কোন বীমা প্রতিষ্ঠানের সাথে বহনযোগ্য পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের বীমা চুক্তি সম্পাদন করতে হবে। প্রাথমিকভাবে কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে ইহার যাবতীয় ব্যয়ভার বহন করতে হবে। তবে উক্ত বীমার প্রিমিয়ামের প্রকৃত বিল দাখিল করলে অত্র পবিসের এজিএম (ইএন্ডসি) এর প্রত্যয়ন সাপেক্ষে পুনঃ ভরন করা করা হবে। বিল দাখিলের সাথে বীমার মূল কপি, বীমা পরিশোধের মূল রশিদ এবং ভ্যাট চালান কপি দাখিল করতে হবে।**

১১। কার্যাদেশ প্রাপ্ত প্রতিষ্ঠানকে কার্যাদেশ প্রদানের সর্বোচ্চ ১৫ (পনেরো) দিনের মধ্যে পরিবহন কাজ সম্পাদন করতে হবে। নির্ধারিত সময়ের মধ্যে পাওয়ার ট্রান্সফরমার পরিবহনে ব্যর্থ হলে প্রতিদিন বিলম্বের জন্য কার্যাদেশ মূল্যের ১% এর $\frac{১}{১০}$ অংশ হিসাবে জরিমানা কর্তন করা হবে। তবে কোন অবস্থাতেই কর্তনযোগ্য জরিমানা মোট কার্যাদেশ মূল্যের ১০% (দশ শতাংশ) এর অধিক হবে না।

১২। পাওয়ার ট্রান্সফরমার পরিবহনের পর চালান ও বিল দাখিল সাপেক্ষে একাউন্টস পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে। পরিশোধযোগ্য বিল হতে নিয়মানুয়ায়ী ভ্যাট/আয়কর কর্তন করা হবে।

১৩। কোন কারন দর্শানো ব্যতিরেকে যে কোন/সকল দরপত্র গ্রহণ/বাতিল করার ক্ষমতা সমিতি কর্তৃপক্ষ কর্তৃক সংরক্ষিত। বিজ্ঞপ্তিতে উল্লেখ নাই এমন যে কোন সমস্যার উদ্ভব হলে সমিতি কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

৩০/৬/২৪

(শাহ্ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ (সদয় অবগতি ও নোটিশ বোর্ডের মাধ্যমে প্রচারের অনুরোধ সহ)

০১। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যবস্থাপনা পরিচালন (উঃ অঃ) পরিদপ্তর; বাপবিবোর্ড, ঢাকা।
০২। সিনিয়র সিস্টেম এনালিষ্ট,আইসিটি পরিদপ্তর, বাপবিবো, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য অনুরোধসহ)।
০৩। জেলা প্রশাসক/পুলিশ সুপার, নওগাঁ।
০৪। উপজেলা নির্বাহী অফিসার, পত্নীতলা, নওগাঁ।
০৫। মেয়র, পত্নীতলা পৌরসভা, নওগাঁ।
০৬। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ------------------------------------ পবিস ১/২/৩/৪।
০৭। এজিএম (অর্থ), নওগাঁ পবিস-২।
০৮। এজিএম (আইটি), নওগাঁ পবিস-২ (ওয়েব সাইটে প্রকাশের ব্যবস্থা নিবেন)।
০৯। মেসার্স -------------------------------------।
১০। নোটিশ বোর্ড, নওগাঁ পবিস-২।
১১। অফিস কপি/মাষ্টার কপি।

৩০/৬/২৪

(শাহ্ মোঃ রাজ্জাকুর রহমান)
জেনারেল ম্যানেজার